



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৫ আগস্ট ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

### বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্বে অভ্যুত্থান সফল করায় দেশবাসীকে ধন্যবাদ ইউপিডিএফের

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের নেতৃত্বে শান্তিপূর্ণ ও অভূতপূর্ব অভ্যুত্থানের মাধ্যমে ফ্যাসিস্ট আওয়ামী লীগের সরকারের পতন ঘটাতে সফল হওয়ায় দেশবাসীকে ধন্যবাদ ও অভিবাদন জানিয়েছেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সভাপতি প্রসিত বিকাশ খীসা।

আজ ৫ আগস্ট ২০২৪, সোমবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি আরও বলেন, ‘আজকের গণঅভ্যুত্থান আবারও প্রমাণ করেছে যে জনগণই হলেন আসল শক্তি এবং তারাই ইতিহাসের নায়ক। কোন স্বৈরাচার ও ফ্যাসিস্ট অপশক্তি যতই দম্ব কল্পক, তাদেরকে যতই শক্তিশালী মনে হোক, ঐক্যবদ্ধ জনগণের কাছে তারা কখনই টিকতে পারে না, একবার প্রবল গণ জোয়ার সৃষ্টি হলে তারা খড়কুটোর মতো ভেসে যায়।’

পাকিস্তানের আইয়ুব খানের আমল থেকে বাংলাদেশের জনগণ কোনদিন সেনাশাসন কিংবা স্বৈরাচারী শাসন মেনে নেননি মন্তব্য করে তিনি বলেন, বাংলাদেশের অংশ হিসেবে পার্বত্য চট্টগ্রামেও সেনাশাসন তুলে নিতে হবে, তা নাহলে আজকের গণবিপ্লব তার পূর্ণতা পাবে না।

ইউপিডিএফ নেতা সকলের অংশগ্রহণের ভিত্তিতে একটি শান্তিপূর্ণ ভয়ভীতিমুক্ত সমৃদ্ধ ও প্রকৃত গণতান্ত্রিক দেশ গড়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান।

তিনি বলেন, ‘আমরা এমন একটি দেশ চাই যেখানে সকল জাতিসত্তা তাদের স্ব স্ব জাতীয় অস্তিত্ব, পরিচিতি ও অধিকার নিয়ে দেশের কল্যাণে কাজ করতে সক্ষম হবে। ইউপিডিএফ এমন একটি রাষ্ট্র নির্মাণে অংশগ্রহণ করতে প্রস্তুত রয়েছে।’

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।